

স্নাতকোত্তর (MS) কোর্সে ভর্তি বিজ্ঞপ্তি

২০১৭- ২০১৮ শিক্ষাবর্ষে খুলনা বিশ্ববিদ্যালয়ের এগ্রোটেকনোলজি ডিসিপ্লিনে স্নাতকোত্তর (MS) কোর্সে ভর্তির জন্য দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

কোর্সের নাম : (ক) এম এস ইন এগ্রোনমি (খ) এম এস ইন জেনেটিক্স এন্ড প্লান্ট ব্রিডিং  
ভর্তিও যোগ্যতা

১। প্রার্থীকে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয়/ ইনস্টিটিউশন থেকে বিএসসি এজি/ বিএসসি এজি (অনার্স) অথবা সমমানের ডিগ্রীধারী হতে হবে।

২। প্রার্থীকে কমপক্ষে দ্বিতীয় শ্রেণি/ সমমানের গ্রেড (CGPA 2.25) অর্জন করতে হবে।

আবেদনপত্রের সাথে নিম্নলিখিত কাগজপত্র সংযুক্ত করতে হবে

১। ২ (দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি।

২। শিক্ষাগত যোগ্যতার সমর্থনে সকল পরীক্ষার গ্রেডশীট/মার্কশিট এবং সার্টিফিকেট এর সত্যায়িত কপি।

৩। সর্বশেষ শিক্ষা প্রতিষ্ঠান প্রধান কর্তৃক প্রত্যয়ন পত্র।

৪। ডিসিপ্লিন প্রধান, এগ্রোটেকনোলজি ডিসিপ্লিন, খুলনা বিশ্ববিদ্যালয়ের অনুকূলে অগ্রণী ব্যাংক, খুলনা বিশ্ববিদ্যালয় শাখার উপর (MS) এর জন্য ১,০০০/= (এক হাজার) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার।

৫। চাকুরীরত প্রার্থীদেরকে অবশ্যই দরখাস্তের সঙ্গে নিজ নিজ বিভাগীয় নিয়োগকর্তার নিকট থেকে এই মর্মে সার্টিফিকেট সংযোজন করতে হবে যে, অধ্যয়নকালীন সময়ে ক্লাশে যোগদান এবং শিক্ষাকার্যক্রম যথারীতি সম্পাদনের জন্য প্রার্থীকে কমপক্ষে (MS) এর জন্য তিন টার্ম সময়কাল (১৮ মাস) ছুটি প্রদান করা হবে।

\* আগামী ২৪-০৬-২০১৮ থেকে ০৫-০৭-২০১৮ ইং তারিখ পর্যন্ত এগ্রোটেকনোলজি ডিসিপ্লিনের অফিস হতে অফিস চলাকালীন সময়ে নির্ধারিত ভর্তি ফরম সংগ্রহ ও জমা দেওয়া যাবে।

\* প্রার্থীকে চূড়ান্ত নির্বাচনের জন্য আগামী ০৯-০৭-২০১৮ ইং তারিখ সকাল ৯-৩০ ঘটিকায় ডিসিপ্লিনের ভর্তি কমিটির সম্মুখে প্রয়োজনীয় কাগজ পত্রাদি সহ লিখিত/মৌখিক পরীক্ষার জন্য উপস্থিত থাকতে হবে।

\* নির্বাচিত প্রার্থীদের নামের তালিকা আগামী ১০-০৭-২০১৮ ইং তারিখ ডিসিপ্লিনে নোটিশ বোর্ডে প্রকাশিত হবে।


\* আগামী ১১-০৭-২০১৮ ও ১২-০৭-২০১৮ ইং তারিখে নির্বাচিত ছাত্র-ছাত্রীদের ভর্তি অনুষ্ঠিত হবে।

\* স্নাতকোত্তর (MS) কোর্সের কোর্স রেজিস্ট্রেশন আগামী ১৫-০৭-২০১৮ থেকে ১৭-০৭-২০১৮ ইং (জরিমানা ছাড়া) এবং ১৮-০৭-২০১৮ ইং (জরিমানা সহ) এর মধ্যে সম্পন্ন করতে হবে।

\* স্নাতকোত্তর (MS) কোর্সের ক্লাস আগামী ১৫-০৭-২০১৮ ইং তারিখ থেকে শুরু হবে।

\* বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত বিশ্ববিদ্যালয় এবং ডিসিপ্লিনের চার্জ/ফি দিতে হবে।

উল্লেখ্য ডিসিপ্লিন তথা বিশ্ববিদ্যালয়ের স্বার্থে ভর্তি কমিটি ভর্তি সংক্রান্ত বিষয়ে যে কোন পরিবর্তন ও পরিবর্ধন করার ক্ষমতা রাখে।



(প্রফেসর ড. সরদার শফিকুল ইসলাম)

ডিসিপ্লিন প্রধান

এগ্রোটেকনোলজি ডিসিপ্লিন

খুলনা বিশ্ববিদ্যালয়, খুলনা।